গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
www.tahirpur.sunamganj.gov.bd

## আগস্ট/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মেহেদী হাসান মানিক,উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাহিরপুর।
সভার তারিখ : ২৮-০৮-২০২৫ সময় : বেলা- ১.১৫.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান জরুরী বিভাগ বহি বিভাগ ও আন্ত বিভাগ চিকিৎসা সন্তোষজনক ভাবে পরিচালিত হচ্ছে। তাছাড়া মাঠ পর্যায়ে টাইফয়েড ভ্যাকসিন কর্মসূচি বিভিন্ন স্কুল ও মাদ্রাসায় এবং কমিউনিটিতে ০৯ মাস থেকে ১৫ বছরের কম শিশুদের নিবন্ধনের কাজ চলমান আছে। এ বিষয়ে সহযোগিতা করার জন্য অত্র উপজেলার বিভিন্ন স্কুল ও মাদ্রাসার শিক্ষক এবং সর্বোপরি সকল স্তরের ব্যক্তি বর্গের নিকট আহ্বান করেন। কমিউনিটি ক্লিনিক এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সেবাদান সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে উপজেলা কমিউনিটি ক্লিনিক সমূহের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির জন্য নিয়মিত মনিটরিং/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন বিগত মাসিক সভায় উপস্থাপন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী বিধি অনুযায়ী উপস্থিতি নিশ্চিত করনসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০৩। বিস্তারিত আলোচনান্তে টাইফয়েড ভ্যাকসিন যথাযথভাবে প্রয়োগ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর। |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর সভাকে জানান ২০২৫-২০২৬ অর্থবছরের সকল ধরনের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। খরিপ-১ মৌসুমে রোপণকৃত প্রায় ৩৫০ হেক্টর জমির আউশ ধান প্রায় কর্তন যোগ্য অবস্থায় আছে। কিছু জমির আউশ ধান কৃষক কর্তন করেছে। আর খরিপ-২ মৌসুমে প্রায় ৬৩০০ হেক্টর জমিতে আবাদের লক্ষমাত্রা নিয়ে রোপা আমন-ধান রোপণের কার্যক্রম প্রায় শেষ পর্যায়। প্রায় শতকরা ৯০ ভাগ জমিতে আমন ধান রোপণ শেষ হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন মৌসুমে কৃষকগণকে ফসল উৎপাদনের ক্ষেত্রে সার্বিক বিষয়ে সুপরামর্শ ও সহযোগিতা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। মাঠ পর্যায়ের সার্বিক কার্যক্রম প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,তাহিরপুরে পক্ষে | বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন ওয়ারী | উপজেলা |

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | বিভাগ | প্রতিনিধি সভায় জানান মাঠ পর্যায়ে ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত জাতের গরুর জাত উন্নয়নের কাজ চলমান রয়েছে। কৃত্রিম প্রজনন ও ভ্যাকসিন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি মৌসুমে হাঁসের খামার পরিদর্শন করে ও পরামর্শ প্রদান করা হচ্ছে। গবাদি পশুর ও হাঁস মুরগীর পর্যাপ্ত টিকা মজুত রয়েছে। এ বিষয়ে খামরিদের টিকা প্রদানে উৎসাহিত করা হচ্ছে। | সকল পর্যায়ের খামারীদের তালিকাসহ এবং চলমান কার্যক্রমের তালিকা টপ শীট আকারে আগামী উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | প্রাণিসম্পদ কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাহিরপুর উপজেলায় উন্মুক্ত ও প্রাতিষ্ঠানিক পোনা মাছ অবমুক্তির নিমিত্তে বরাদ্দ প্রদান করা হয়েছে। পোনা অবমুক্তির কার্যক্রম সংশ্লিষ্ট উপজেলা কমিটির সিদ্ধান্তক্রমে দ্রুত সময়ের মধ্যে বাস্তবায়ন করা হবে। হাওর অঞ্চলে দেশীয় প্রজাতির মৎস্য সম্পদ রক্ষায় মৎস্য আইন বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে মৎস্য সম্পদ রক্ষায় প্রয়োজনীয় অভিযান কার্যক্রম নিয়মিত চলমান রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর উপজেলা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উপজেলা পরিষদের প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা সুষ্ঠুভাবে শেষ হয়েছে। বর্তমানে ছাত্র/ছাত্রীর উপস্থিতির হার প্রায় ৮০%। বাংলা ইংরেজী পঠন দক্ষতা ও গণিতের সংখ্যা, যোগ বিয়োগ এর ধারণা নির্বাচন করতে প্রত্যেক শিক্ষককে একটি নির্দিষ্ট ফর্মেটের মাধ্যমে জবাব দিহিতার আওতায় নিয়ে আসা হয়েছে। আগামী ৩০/১০/২০২৫ তারিখের মধ্যে শিশু পঠন দক্ষতা নিমিত্ত ৫০ দিনের একটি কর্ম পরিকল্পনা তৈরী কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রথম-পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রায় ৭০% ছাত্র/ছাত্রীদের বাংলা, ইংরেজী, গণিত ও রাফ এই ০৪ টি খাতা নির্দিষ্ট করা হয়েছে। প্রত্যেক বিষয়ে নিয়মিত অনুশীলন খাতা লাল কালিতে মূল্যায়ন করে তারিখ অনু-স্বাক্ষর প্রদান করা হয়। তাছাড়া যে সকল বিদ্যালয়ে নির্মাণ পুনঃ নির্মাণ ও শ্রেণী কক্ষ সম্প্রসারণ কাজ চলমান রয়েছে তা দ্রুত সময়ের মধ্যে কাজ শেষ করে হস্তান্তরের জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপুরকে অনুরোধ করা হয়। | বিস্তারিত আলোচনন্তে সংশ্লিষ্ট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চলমান উন্নয়ন কার্যক্রম বিষয়াদি দ্রুত সময়ের মধ্যে বাস্তাবয়ন করে হস্তান্তর করার জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে সময় সময় সংশ্লিষ্ট বিদ্যালয় পরিদর্শন করে প্ররিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর ও উপজেলা প্রকৌশী, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপির কোন বরাদ্দ এ যাবত আসেনি। এ মাসে বরাদ্দ আসার সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে | বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প দ্রুত বাস্তবায়নের লক্ষে অগ্রাধিকার প্রকল্প উপজেলা | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ |

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, উপজেলার সরকারি বিভাগীয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলের নিকট হতে অগ্রাধিকার প্রকল্পের তালিকা দ্রুত উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। তিনি আরও জনান উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের বাস ভবন ও উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে নিরাপত্তা জনিত কারণে সিসি ক্যামেরা স্থাপন করার জন্য প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর মহোদয়ের বাসভবন সংস্কার ও মেরামত করা প্রয়োজন। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | প্রকৌশলীর কার্যালয়ে দাখিল করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সরকারী বিভাগীয় প্রধানগণ ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়ের বাস ভবন ও উপজেলা পরিষদের বিভিন্ন স্থানে নিরাপত্তা জনিত কারণে সিসি ক্যামেরা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০৩। বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাস ভবন জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে অর্থায়নে সংস্কার ও মেরামত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্য উপজেলা প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর পক্ষে প্রতিনিধি সভায় জানান সরকারের নির্দেশনা অনুযায়ী দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সময় ও দীর্ঘ মেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির ক্যাম্প প্রতি মাসের মতোই এই মাসেও চলমান রয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলো ২৪/৭ ঘন্টা খোলা রয়েছে।সেখানে জরুরী প্রসূতি সেবা ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়। মা ও শিশুর মৃত্যু হ্রাস করণে সকল ইউনিয়নে মা সমাবেশ সংগঠিত করা হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা ইউনিয়ন স্বাস্থ্য কল্যাণ ক্লিনিক নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। সংশ্লিষ্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেবাদানের লক্ষে কোন প্রকার জনসাধারণগণকে হয়রানি না করা হয়। এ বিষয় মাঠ পর্যায়ে সুনিশ্চিত করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। যদি কোন প্রকার অভিযোগ পাওয়া যায় তাহলে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৯ | মাধ্যমিক | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাহিরপুরের, | বিস্তারিত আলোচনান্তে শিক্ষারমান | উপজেলা |

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | **শিক্ষা বিভাগ** | পক্ষে সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। শিক্ষার মান উন্নয়নে বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। টাইফয়েড টিকা দেওয়ার জন্য তাহিরপুরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রাখা হচ্ছে। শতভাগ রেজিস্টেশন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানকে বলা হয়েছে। | উন্নয়নকল্পে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে পরিদর্শন মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা এবং আগামী উপজেলা পরিষদের মাসিক সভায় পরিদর্শনের তালিকা উপস্থাপন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলাধীন সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাদ্যমিক পর্যায়ের শিক্ষক ও অফিসের কর্মরত/ শূণ্য পদের তালিকা আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | মাধ্যমিক শিক্ষাকর্মকর্তা, তাহিরপুর, |
| ১০ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আলোচ্য মাসে তাহিরপুর উপজেলায় শ্রমজীবী ক্যাটাগরিতে ০২ টি সমবায় সমিতি অনলাইনে নিবন্ধন করা হয়েছে। আলোচ্য অডিট বর্ষে অডিট সম্পাদানের জন্য বরাদ্দকৃত ০৩ টি কেন্দ্রীয় সমবায় সমিতি ও ১২০ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট কার্যক্রম চলমান রয়েছে। অকার্যকর সমিতির নিবন্ধন বাতিলের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সয়শ্লিষ্ট কার্যক্রম বিধি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১১ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিগত সভায় ন্যায় এ মাসেও তাহিরপুর উপজেলা পরিষদের মাসিক সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর। |
| ১২ | **জনস্বাস্থ্য বিভাগ** | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বন্যা প্রকল্প হতে বরাদ্দকৃত গভীর নলকূপের কাজ চলমান রয়েছে। তাছাড়া বারেক টিলা ও ট্যাকেরঘাটে ০২ টি পাবলিক টয়লেট কাজ চলমান রয়েছে। চলমান কাজ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। তাছাড়া মানব সম্পদ প্রকল্প থেকে প্রতি ইউনিয়নে ২২৯ টি করে টু-ইনপিটের কাজ চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে নিয়মিত মনিটরিং করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুরকে, অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, তাহিরপুর। |
| ১৩ | **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান দাপ্তরিক কার্যক্রম | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য | উপজেলা পল্লী উন্নয়ন |



CamScanner

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| | | সুষ্ঠুভাবে চলছে। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক বিতরণকৃত সরকারী অর্থ হতে প্রদত্ত ঋণ পরিশোধের কিছু সমিতির সদস্যারা অনীহা প্রকাশ করেছেন। বর্তমানে ০২ টি সমিতিতে মামলা কার্যক্রম চলমান আছে। আরও কয়েকটি সমিতিতে সার্টিফিকেট মামলা করা প্রয়োজন। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। যাদের নিকট বকেয়া রয়েছে জরুরী ভিত্তিতে তাদেরকে তাগিদ পত্র দেওয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা, তাহিরপুর, |
| ১৫ | **মহিলা বিষয়ক বিভাগ** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাছাড়া অত্র দপ্তরের ভিডব্লিউবি কর্মসূচি মা ও শিশু সহায়তা কর্মসূচি সহ অন্যান্য কার্যক্রম ধারাবাহিক ভাবে চলমান আছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে পরবর্তী মাসিক সভায় সংশ্লিষ্ট তথ্য উপস্থাপন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর। |
| ১৬ | **আনসার ও ভিডিপি বিভাগ** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান আগামী ১৩ তম জাতীয় সংসদ নির্বাচন ২০২৬ উপলক্ষ্যে সুনামগঞ্জ জেলায় আনসার ভিডিপি ৭তম ধাপে আনসার ভিডিপি প্রশিক্ষণ শুরু হয়েছে। এ বিষয়ে তাহিরপুর উপজেলা হতে কোটা মোতাবেক প্রশিক্ষণার্থী যোগ করা হবে। তিনি আরও জানান তাহিরপুর উপজেলায় ০৭ টি ইউনিয়ন পরিষদ ভবনে আনসার ভিডিপি ০১(এক) টি করে কক্ষ আছে। কক্ষটি পাওয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করার জন্য তাহিরপুর উপজেলা আনসার ও ভিডিপি অফিস হতে একটি পত্র প্রেরণ করা হয়। যাহা কোন সুরাহা পাওয়া যায়নি। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়।<br>০২। পরবর্তী মাসিক সভায় দাপ্তরিক সংশ্লিষ্ট কার্যক্রম টপশীট আকারে দাখিল করার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর। |
| ১৭ | **ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক** | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান অত্র দপ্তরের মোট ১৩ জন জনবল রয়েছে। তাহিরপুর উপজেলায় মোট সমিতির সংখ্যা ১৮১ টি, মোট সদস্য সংখ্যা ৭৪০৫ টি। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তাহিরপুর উপজেলায় তাছাড়া খেলাপী ঋণ ৬,৪৫,০০০,০০/- টাকা, বর্তমানে আদায় ৬৭,০০,০০০/- টাকা। খেলাপি ঋণ আদায়ের জন্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, ব্যবস্থাপক তাহিরপুরকে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৮ | **বন কর্মকর্তা** | উপজেলা বন কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে টাংগুয়ার হাওরে ৫ হেক্টর উপযুক্ত প্রজাতির বাগান করা প্রস্তাব রয়েছে। এ বিষয়ে শ্রীপুর দক্ষিণ ইউনিয়ন | বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে বাগান সৃজন করার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে এবং স্থানীয় জনপ্রতিনিধিকে অবহিত করে পরবর্তী | উপজেলা বন কর্মকর্তা, তাহিরপুর। |



CamScanner

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | পরিষদের চেয়ারম্যান সার্বিক সহযোগিতা করলে উক্ত ইউনিয়নে টাংগুয়ার হাওরের মৌজা বা কান্দায় বাগানটি সৃজন করা হবে। তিনি আরও জানান তাহিরপুর উপজেলায় ২১ টি করাত কল আছে, তার মধ্যে ৯ টি করাত কল লাইসেন্সকৃত ১২ টি করাত কলের লাইসেন্স বিহীন অবৈধ।এ বিষয়ে সভায় আলোচনা করা হয় | কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা বন কর্মকর্তা, তাহিরপুর অনুরোধ করা হয়। ০২। বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলায় যে সকল করাত কল লাইসেন্স বিহীন অবস্থায় আছে। তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা বন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | |
| ১৯ | তাহিরপুর উপজেলা পরিষদের জন্য বিভিন্ন প্রকার ক্রোকারিজ ক্রয় সংক্রান্ত ; | তাহিরপুর উপজেলা পরিষদের জন্য বিভিন্ন প্রকার ক্রোকারিজ ক্রয় করা আবশ্যক। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের জন্য বিভিন্ন প্রকার ক্রোকারিজ ক্রয় করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তহিরপুর। |
| ২০ | উপজেলা পরিষদের দালান কোটা বাসভনের উপর আরোপিত ট্যাক্স | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান ০৬ নং তাহিরপুর সদর ইউনিয়ন পরিষদ কর্তৃক স্মারক নং-৪৭, তারিখঃ ২৪-০৮-২০২৫ মূলে তাহিরপুর উপজেলা পরিষদের দালান কোটা ও বাসবভনের উপর ইূউ/পি কর্তৃক আরোপিত বকেয়া ট্যাক্স বাবদ ২০১৯-২০২০ অর্থবছর হতে ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত বকেয়া রয়েছে। হিসাব অনুয়ায়ী ২০১৯-২০২০ অর্থবছর হতে ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত বকয়ো মোট ১,০৫০০০/- (এক লক্ষ পাঁচ হাজার) টাকা। ২০২২-২০২৩ অর্থবছর হতে ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত মোট ১,৩৫,০০০/- (এক লক্ষ পয়ত্রিশ হাজার) টাকা। সর্ব মোট উপজেলা পরিষদের নিকট দালান কোটা ও বাসভবনের উপর আরোপিত বকেয়া ট্যাক্সের পরিমান ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা পাওনা রয়েছে। উক্ত ট্যাক্স পরিশোধের জন্য সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত তাহিরপুর উপজেলা পরিষদের নিকট উপজেলা পরিষদের দালান কোটা ও বাস ভবনের উপর আরোপিত বকেয়া ট্যাক্স তাহিরপুর ইউনিয়ন পরিষদ কর্তৃক সর্বমোট ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা তাহিরপুর উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |

বিশেষ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৯/২০২৫

মোঃ মেহেদী হাসান মানিক
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
তাহিরপুর, সুনামগঞ্জ।

CamScanner

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪-৪৪(৫০), তারিখ: ০৮ সেপ্টেম্বর,২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। উপজেলা.................................................কমর্কর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, ...........................................(সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

০৮/০৯/২০২৫

মোঃ মেহেদী হাসান মানিক
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
E-mail: unotahirpur@gmail.com

CamScanner

সভাপতি:- জনাব মোঃ মেহেদী হাসান মানিক উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক-তাহিরপুর উপজেলা পরিষদ. তাং-২৮/০৩/২৪. সময়: ১০.৩০ ঘটিকা

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০১ | জনাব মোঃ মেহেদী হাসান মানিক | উপজেলা নির্বাহী অফিসার তাহিরপুর | |
| ০২ | জনাব [illegible] | চেয়ারম্যান ইউ/পি তাহিরপুর | |
| ০৩ | জনাব আলী আহমদ মুরাদ | ঐ শ্রীপুর দক্ষিণ ইউ/পি | |
| ৪। | মোঃ বাবুল মিয়া | চেয়ারম্যান ভারপ্রাপ্ত বালিজুরী ইউ/পি | |
| ৫। | মো: রাকিবুল ইসলাম | উপজেলা প্রকৌশলী | |
| ৬। | মোঃ মাহমুদুর রহমান | উপজেলা মৎস্য অফিসার | |
| ৭। | মোহাম্মদ দেলোয়ার হোসেন | অফিসার ইনচার্জ তাহিরপুর থানা | |
| ৮। | মো: শাহরুখ আলম আকন্দ | সহকারী কমিশনার (ভূমি) তাহিরপুর | |

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০৯ | মোহাম্মদ ইকবাল হোসেন | উপজেলা কৃষি অফিসার | [signature] |
| ১০ | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১১. | মো: জামাল [illegible] | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | [signature] |
| ১২. | আনিসুর রহমান | উপজেলা পরিসংখ্যান কার্যালয়, জে. এস. এ | [signature] |
| ১৩. | অনন্ত দেবনাথ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয় [illegible] | [signature] |
| ১৪ | অনিন্দ্য সাহা | হিসাবরক্ষক বিআরডিবি | [signature] |
| ১৫ | মো: আনোয়ার হোসেন | UWAO | [signature] |
| ১৬ | মো: মাহমুদুল হাসান | পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] |
| ১৭. | [illegible] | [illegible] | [signature] |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | ডা. মো: সাদিকুর রহমান তানভীর | মেডিকেল অফিসার (এমসিএইচ - এফপি) ও উপ. প. প. কর্মকর্তা (অ:দা:) | [signature] |
| ১৯ | মো: মুনাসির হোসাইন | UP - LOGIC. তাহিরপুর | [signature] |
| ২০ | রফিকুল ইসলাম | প্যানেল চেয়ার ম্যান - বড়দল ইউ: | [signature] |
| ২১ | মো: আমজাদুল আলম | প্যানেল চেয়ারম্যান বড়দল (দ:) | আলম |
| ২২ | মো: দ্বীন ইসলাম | প্যানেল চেয়ারম্যান ৩নং বাদাঘাট | [signature] |
| ২৩ | রমীন্দ্র কিশোর বস, ফরেস্টার | উপজেলা বন কর্মকর্তা ও বিট কর্মকর্তা, দলইচাঁদ বিট, তাহিরপুর, সুনামগঞ্জ | [signature] |